# খসড়া তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০২১

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড**

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

২১৮, এম. এ. বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।

পরিশিষ্ট-১:

**স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যমঃ**

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যমঃ |
|---|---|---|
| ০১। | এসজিসিএল-এর সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০২। | এসজিসিএল-এর কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৩। | কার্যসম্পাদনের জন্য এসজিসিএল-এর নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৪। | ভবিতব্য কর্মসূচী, পরিকল্পনা ও সিদ্ধান্তমত বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৫। | দৈনিক গ্যাস বিপণন সংক্রান্ত তথ্যাদি | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৬। | আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী | সংশ্লিষ্ট দপ্তর |
| ০৭। | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ-সুবিধা সংক্রান্ত বিবরণ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৮। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ০৯। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা | প্রত্যেক কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর ইত্যাদি |
| ১০। | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবেঃ<br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম<br>(খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে<br>(গ) অনুরোধের তারিখ | গৃহীত আবেদন পত্রের একটি কপি প্রত্যেক কর্তৃপক্ষের এবং ওয়েবসাইটে রক্ষিত থাকবে |
| ১১। | এসজিসিএল কর্তৃক সম্পাদিত-<br>(ক) গ্যাস খাতে সকল উন্নয়ন/প্রকল্প তথ্যাবলী<br>(খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, প্রাক্কলিত ব্যয়/চুক্তির মেয়াদকাল ইত্যাদি | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১২। | এসজিসিএল কর্তৃক গ্যাস সংযোগের তথ্য ও এলাকা | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১৩। | এসজিসিএল-এর নাগরিক সেবা সংক্রান্ত (যেমন সিটিজেন চার্টার, টেন্ডার নোটিশ, গ্যাস সংযোগ প্রাপ্তি সংক্রান্ত নোটিশ ও বিভিন্ন বিজ্ঞপ্তি ইত্যাদি) | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |

**পরিশিষ্ট-২:**

**চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকাঃ**

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে (কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণের পর) :

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- বিভিন্ন নীতি
- আর্থিক তথ্য, যেমন, আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী
- অডিট রিপোর্ট (জবাবসহ)
- প্রকল্পের তথ্য
- ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য
- উপকারভোগী তালিকা
- নিয়োগ বদলির আদেশ
- দেশে বা বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৩) ব্যতীত অন্য সকল তথ্য

**পরিশিষ্ট-৩:**

**প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকাঃ**

(ক) কোনো বিদেশি সরকারের নিকট থেকে প্রাপ্ত কোনো গোপনীয় তথ্য;

(খ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(গ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য, যথাঃ-

অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারি আইন বাজেট বা কর হার পরিবর্তন সংক্রান্ত কোনো আগাম তথ্য;

আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোনো আগাম তথ্য;

ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোনো আগাম তথ্য;

(ঘ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে এরূপ তথ্য;

(ঙ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোনো তথ্য;

(চ) কোনো ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;

(ছ) কোনো ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(জ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

(ঝ) সাইসমিক, কূপ, ফিল্ড সম্পর্কিত তথ্য;

**পরিশিষ্ট-৪:**

**ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

| | | |
|---|---|---|
| কর্মকর্তার নাম | : | শাহ আলম মোল্লা |
| পদবী | : | উপ-মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব |
| ফোন | : | +৮৮০১৭০৪১৭১১০৬ |
| ই-মেইল | : | alomsgcl@gmail.com |
| ঠিকানা | : | কোম্পানি সচিবালয় ডিপার্টমেন্ট, এসজিসিএল, সোনাডাঙ্গা, খুলনা। |

**খ) বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

| | | |
|---|---|---|
| কর্মকর্তার নাম | : | মোঃ নাজমুল ইসলাম নিশাদ |
| পদবী | : | সহকারী ব্যবস্থাপক (কোম্পানি সচিবালয়) |
| ফোন | : | +৮৮০১৭৯৬৪০৫০৬৩ |
| ই-মেইল | : | nazmulnishad786@gmail.com |
| ঠিকানা | : | কোম্পানি সচিবালয় ডিপার্টমেন্ট, এসজিসিএল, সোনাডাঙ্গা, খুলনা। |

**পরিশিষ্ট-৫:**

**আপিল কর্তৃপক্ষের বিবরণ:**

| | | |
|---|---|---|
| পদবী | : | ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড |
| ফোন | : | +০৪১৭২১২৯৯ |
| ই-মেইল | : | sundarbangas@gmail.com |
| ঠিকানা | : | ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, এসজিসিএল, সোনাডাঙ্গা, খুলনা। |

১৫/১১/২০২১
(মোঃ নাজমুল ইসলাম নিশাদ)
সহকারী ব্যবস্থাপক (কোম্পানি সচিবালয়)
সদস্য-সচিব

১৫/১১/২০২১
(মোঃ জিল্লুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর)
সদস্য

১৫/১১/২০২১
(শাহ আলম মোল্লা)
কোম্পানি সচিব
সদস্য

১৫/১১/২০২১
(স্বপন কুমার বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব)
সদস্য

১৫/১১/২০২১
(মোঃ সালাহউদ্দিন)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
আহ্বায়ক